**M.A 3rd Semester Examination – 2022**

**BENGALI**

**PAPER : BNG – 301**

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

Candidates are required to give their answers in their own words as far as practicable.

## বিভাগ - ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x২=৮

১) মানিক বন্দ্যোপাধ্যায় রচিত নদী কেন্দ্রিক দুটি উপন্যাসের নাম প্রকাশকাল সহ লেখো।

২) মহাশ্বেতাদেবীর উপন্যাসের চারটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৩) নারায়ণ গঙ্গোপাধ্যায় রচিত 'পদসঞ্চার' উপন্যাসটি কোন প্রেক্ষাপটে লেখা ?

৪) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের চুনিলাল কে ? তার এইরূপ নামের কারণ কী ?৫)

৫) 'মাঝে মাঝে আপু গিয়া বৃদ্ধের নিকট হাজির হয়' - বৃদ্ধের পরিচয় দাও।

৬) 'রাত উপুসে হাতি কাবু' - কোন উপন্যাসে কোন প্রসঙ্গে এই প্রবাদটি ব্যবহার করা হয়েছে ?

## বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৪= ১৬

৭) স্বর্ণকুমারী দেবীর ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

৮) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে বারুণী পুষ্করিণীর গুরুত্ব আলোচনা করো।

৯) 'পথের পাঁচালী' উপন্যাসের 'অক্রূর সংবাদ' অধ্যায়ের নামকরণের সার্থকতা আলোচনা করো।

১০) 'পথের পাঁচালী' উপন্যাসের ইন্দিরা ঠাকরুণ চরিত্রের গুরুত্ব আলোচনা করো

১১) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের রামকালী চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

১২) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে উল্লেখিত সেঁজুতি ব্রত সম্পর্কে আলোচনা করো।

## বিভাগ - গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x৮= ১৬

১৩) বাংলা উপন্যাস সাহিত্যে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।

১৪) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে ভ্রমর চরিত্র সৃষ্টিতে লেখকের কৃতিত্বের পরিচয় দাও।

১৫) 'পথের পাঁচালী' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।

১৬) 'প্রথম প্রতিশ্রুতি'উপন্যাসে প্রতিফলিত সময় ও সমাজের পরিচয় নিজের ভাষায় পরিস্ফুট করো।



..............................

Scanned with CamScanner

**M.A 3rd Semester Examination – 2022**

**BENGALI**

**PAPER : BNG – 302**

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

Candidates are required to give their answers in their own words as far as practicable.

## বিভাগ - ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x২=৮

১) রবীন্দ্র - পরবর্তী গল্পকারদের গল্প প্রকাশে অগ্রণী দুটি পত্রিকার নাম লেখো ।

২) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রথম প্রকাশিত গল্পের নাম কী ? গল্পটি কবে কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?

৩) বিদেশের পটভূমিকায় লেখা প্রভাত কুমারের দুটি গল্পের নাম লেখো ।

৪) বাংলাদেশের কোন ভৌগোলিক ভূখণ্ডকে 'বনজ্যোৎস্না' গল্পের পটভূমি হিসেবে নির্বাচন করেছেন গল্পকার ?

৫) 'ডেথ অফ এ ক্লার্ক' গল্পটির প্রধান চরিত্রের নাম কী ? 'দি গিফ্‌ট অফ দি মেজাই' গল্পটি কোন স্থানে বসে লেখা হয়েছিল বলে মনে করা হয় ?

৬) 'চিকিৎসা সংকট' গল্পের ইউনানি চিকিৎসকের নাম কী ?

## বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৪=১৬

৭) প্রভাত কুমার মুখোপাধ্যায়ের গল্পে অবলম্বিত হাস্যরসের মূল বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো ।

৮) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পটিকে কেন 'নৃতত্ত্বের ল্যাবরেটরি' বলে গল্পকার বিবৃত করেছেন ?

৯) ''ঠিক সেই সময় মাথার উপর দিয়া একটা এরোপ্লেন উড়িয়া যাইতেছিল । দেখিতে দেখিতে সেটা সুন্দরবনের উপরে পৌছিয়া গেল । মানুষের সঙ্গ ত্যাগ করিয়া বনের পশুরা যেখানে আশ্রয় নিয়াছে ।''- মন্তব্যটি অবলম্বনে গল্পকারের নাগরিক জীবন সম্পর্কে ভাবনার স্বরূপ বিশ্লেষণ করো ।

১০) নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'বনজ্যোৎস্না' গল্পের বলদেও চরিত্রটির শ্রেণিস্বরূপ বিশ্লেষণ করো ।

১১) 'গিফ্‌ট অফ দি মেজাই' গল্পে ও' হেনরির প্রেম সম্পর্কিত ভাবনাটি ব্যাখ্যা করো ।

১২) 'সদগতি' গল্পে নিম্নবর্গের মানুষের জীবন সম্পর্কে ভাবনার স্বরূপ নির্দেশ করো ।

## বিভাগ - গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x৮=১৬

১৩) মহাশ্বেতা দেবীর ছোটগল্পে ভারতীয় আদিবাসী জীবনের সমস্যাগুলি কীভাবে রূপায়িত হয়েছে তা দেখাও ।

১৪) তারাশঙ্করের লেখা 'ডাইনী' গল্পটি অবলম্বনে সামাজিক বিশ্বাস নিয়ন্ত্রিত ব্যক্তি মানুষের অসহায়ত্বের স্বরূপ নির্ণয় করো ।

১৫) 'ডেথ অফ এ ক্লার্ক' গল্পটির শিল্প সার্থকতার কারণগুলি বিশ্লষণ করো ।

২০) 'সদগতি' গল্পে উচ্চবর্গের মানুষের দ্বারা নিম্নবর্গের মানুষের জীবন যাপন ও জীবন পরিণাম কীভাবে নিয়ন্ত্রিত হয়েছে, তা দেখাও ।



Scanned with CamScanner

M.A 3rd Semester Examination – 2022

BENGALI

PAPER : BNG – 303

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

Candidates are required to give their answers in their own words as far as practicable.

## বিভাগ - ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x২=৮

১) প্রকাশকাল সহ রামনারায়ণ তর্করত্নের চারটি মৌলিক নাটকের নাম লেখো ।
২) মন্মথ রায়ের চারটি একাঙ্ক নাটকের নাম লেখো ।
৩) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির কয়টি অঙ্ক ও কয়টি গর্ভাঙ্ক ?
৪) 'জনা' নাটকে বিদুষক চরিত্রের দুটি বৈশিষ্ট্য লেখো ।
৫) 'নবান্ন' নাটকটি প্রথমে কবে কোন্ মঞ্চে অভিনীত হয় ? নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে ?
৬) 'নবান্ন' নাটকে মোট কটি অঙ্ক আছে ? প্রথম অঙ্কে দৃশ্য সংখ্যা কতো ?

## বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৪= ১৬

৭) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের জনপ্রিয়তার কারণ সংক্ষেপে ব্যাখ্যা করো ।
৮) নাট্যকার দীনবন্ধু মিত্রের কৃতিত্ব সংক্ষেপে পর্যালোচনা করো ।
৯) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির ফতেমা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো ।
১০) 'জনা' নাটকে মদনমঞ্জরী চরিত্রের উপযোগিতা সংক্ষেপে ব্যাখ্যা করো ।
১১) 'জনা' নাটকে ক্রোড় অঙ্কের গুরুত্ব বিচার করো ।
১২) 'নবান্ন' নাটকে উল্লিখিত দুই ফটোগ্রাফার চরিত্রের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো ।

## বিভাগ - গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x৮= ১৬

১৩) বাংলা নাট্যসাহিত্যে জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের অবদান সংক্ষেপে পর্যালোচনা করো ।
১৪) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে ভক্তপ্রসাদ চরিত্রটি অবলম্বনে নাট্যকারের সমাজভাবনার যে পরিচয় মেলে তা পর্যালোচনা করো ।
১৫) পৌরাণিক নাটক হিসাবে 'জনা' নাটকের সার্থকতা বিচার করো ।
১৬) 'নবান্ন' নাটকটি দুর্গতি, প্রতিরোধ ও প্রতিবাদের নাটক - আলোচনা করো ।



.................................

Scanned with CamScanner

**M.A 3rd Semester Examination – 2022**

**BENGALI**

**PAPER : BNG – 304 (CBCS)**

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

Candidates are required to give their answers in their own words as far as practicable.

## বিভাগ - ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x২=৮

১) দণ্ডী ও ভামহ - এই দুই আলঙ্কারিকের লেখা দুটি গ্রন্থের নাম লেখো।
২) রীতিবাদ অনুসারে অঞ্চল ভেদে রীতি কয় প্রকার ?
৩) ভানুমতী কোন উপন্যাসের চরিত্র ? এই উপন্যাসের প্রকাশকাল উল্লেখ করো।
৪) 'নিরুদ্দেশ যাত্রা' এবং 'ক্যামেলিয়া' কবিতা দুটি রবীন্দ্রনাথের কোন কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?
৫) 'লম্বকর্ণ' কী কী খেয়ে ফেলেছিল ?
৬) 'অভাগীর স্বর্গ' গল্পের অভাগীর ছেলে ও স্বামীর নাম কী ?

## বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৪=১৬

৭) বক্রোক্তিবাদ-এর প্রবক্তার নাম লেখো। এই মতবাদের মূল কথা সংক্ষেপে লেখো।
৮) রবীন্দ্র - পরবর্তী আধুনিক বাংলা কবিতার চারটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
৯) 'আরণ্যক' উপন্যাসে নিসর্গ প্রকৃতির প্রতি সত্যচরণের মুগ্ধতার একটি ঘটনা বর্ণনা করো।
১০) সৈয়দ মুজতবা আলীর রচনারীতির চারটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
১১) 'অভাগীর স্বর্গ' গল্পে অভাগীর পরিণাম সংক্ষেপে বর্ণনা করো।
১২) 'ক্যামেলিয়া কবিতাটি রচনার ইতিহাস লেখো।

## বিভাগ - গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x ৮=১৬

১৩) ঔচিত্যবাদ সম্পর্কে আলোচনা করো।
১৪) 'আরণ্যক' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
১৫) 'বঙ্কিমচন্দ্রের লেখা 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধ অবলম্বনে এই দুই জনের কাব্য বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।
১৬) 'পোষ্ট মাস্টার' গল্পটি অবলম্বনে রবীন্দ্রনাথের প্রকৃতিচেতনার বিশিষ্টতা আলোচনা করো।



Scanned with CamScanner